# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রকল্প পরিচালকের কার্যালয়**

প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (LDDP)

প্রাণিসম্পদ অধিদপ্তর (ভবন-২, ৭ম তলা)

কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা

স্মারক নং-৩৩.০১.০০০০.৮২৮.১১.০০১.১৯-৫৩৩

তারিখ : ২৬/০৪/২০২২ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংকের যৌথ অর্থায়নে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (LDDP) এর অধীনে প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ড্রাইভার (১৬তম গ্রেডভুক্ত, Support Staffs) শূন্যপদে নিয়োগ/প্যানেল তৈরির জন্য প্রকৃত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রকল্পের ওয়েবসাইট-এ (www.lddp.portal.gov.bd) নির্ধারিত ফরম ডাউনলোড করে স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| পদ সংখ্যা | মাসিক সাকুল্য বেতন (টাকা) | শিক্ষাগত যোগ্যতা | আবেদনকারীর বয়স | অভিজ্ঞতা/প্রয়োজনীয় যোগ্যতা | যে জেলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩৬০টি (কম বা বেশি হতে পারে) | =৩০,০০০০/- (ত্রিশ হাজার টাকা) | অষ্টম শ্রেণী পাস | ১২/০৫/২০১২ ইং তারিখ অনুযায়ী প্রার্থীর বয়সসীমা ১৮-৪৫ বছর (বয়স প্রমাণের জন্য কোনরূপ এফিডেভিট গ্রহণযোগধ্য নয়) | ক) সাবলীলভাবে বাংলা লিখতে ও পড়তে এবং গাড়ি পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন ধরনের সড়ক নির্দেশিকা, দিক নির্দেশনা ও চিহ্ন পড়তে ও বুঝতে সক্ষম হতে হবে।<br>খ) এছাড়াও পূর্ণ প্রতিবেদন, সময়সূচী এবং গাড়ির লগবুই পূরণ করার সক্ষমতা থাকতে হবে<br>গ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত ন্যূনতম হালকা যান চালানোর হালনাগাদ বৈধ লাইসেন্স থাকতে হবে।<br>ঘ) প্রার্থীকে যেকোন সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/বৃহৎশিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠান/স্বনামধন্য ব্যক্তির গাড়ি চালনাসহ রক্ষণাবেক্ষণ কাজে **ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা** থাকতে হবে (ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসেবে গণ্য হবে)।<br>ঙ) উপর্যুক্ত কর্তৃপক্ষের উপস্থিতিতে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।<br>চ) মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে শারীরিক ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণের সনদপত্র দাখিল করতে হবে।<br>ছ) প্রার্থীকে সৎ, পরিশ্রমী, সুঠাম দেহী, উত্তম চরিত্রের অধিকারী ও বিশ্বস্ত হতে হবে। | রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি |

**নিয়োগ সংক্রান্ত শর্ত ও নিয়মাবলী :**

১। আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফরম মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় আগামী ১২/০৫/২০২২ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌছাতে হবে।

২। সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩। আবেদনপত্র সম্বলিত খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে (খামের উপর পদের নাম উল্লেখ না থাকলে আবেদনপত্রটি বাতিল হিসেবে গণ্য হবে)।

৪। আবেদন ফরমটি প্রাণিসম্পদ অধিদপ্তর (www.dls.gov.bd) ও প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের (www.lddp.portal.gov.bd) ওয়েবসাইট হতে ডাউনলোড করতে হবে। উল্লেখ্য, স্বহস্তে লিখিত আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ বা ওয়েবসাইটে বর্ণিত আবেদনপত্র ভিন্ন, সাদা কাগজে বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৫। আবেদনপত্রের সাথে দাখিলতব্য দলিলাদি/কাগজপত্রঃ

- ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)
- **সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/স্বনামধন্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত ০৩ বছরের অভিজ্ঞতার সনদপত্রের মূল কপি।**
- ছবির পিছনে নাম সম্বলিত সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন সত্যায়িত ছবি।
- **প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।**
- প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
- প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদপত্র।
- প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্সের কপি।
- **দশ (১০) টাকার ডাকটিকেট সম্বলিত যোগাযোগ ঠিকানাসহ (স্পষ্টাক্ষরে প্রেরক ও প্রাপকের নাম) ফেরৎ খাম পাঠাতে হবে।**

৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ধরনের টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭। কোনরূপ তথ্য গোপন বা মিথ্যা তথ্য প্রদান করে কোন প্রার্থী নিয়োগ প্রাপ্ত হলে, কর্তৃপক্ষ অবহিত হবার সাথে সাথে চাকুরিচ্যুত করা হবে।

৮। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৬/০৪/2022


**মোঃ আব্দুর রহিম**
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন-০২-৫৮১৫৪৯১৩
ই-মেইল- lddp@dls.gov.bd


ডিজি-১০১৮/২২ (৫´×৬)